

নতুন ধারার দৈনিক

আমাদের সময়

## একাদশে ভর্তির আবেদন শুরু

প্রকাশ | ১৪ মে ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন গতকাল থেকে শুরু হয়েছে। ২৪ মে পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। ভর্তি প্রক্রিয়া শেষ করে আগামী ১ জুলাই থেকে ক্লাস শুরু হবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব মো. শাহেদুল খবীর চৌধুরী সাংবাদিকদের জানান, রবিবার দুপুর ১২টায় আনুষ্ঠানিকভাবে আবেদনের কাজ শুরু হয়েছে। ভর্তির জন্য আবেদন করতে হবে অনলাইনের ি.ীরপষধংধফসরংরড়হ.মড়া.নফ সাইটে।

গত কয়েক বছরের মতো এবারও মাধ্যমিকের ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে অনলাইনে শিক্ষার্থী ভর্তির বিধান রেখে গত ৭ মে নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। ৮টি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড থেকে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে

মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে। আর উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে উত্তীর্ণরা একাদশে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

অনলাইনে ১৫০ টাকা ফি জমা দিয়ে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজে পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করা যাবে। প্রতি কলেজের জন্য ১২০ টাকা ফি দিয়ে সর্বোচ্চ ১০টি কলেজে অনলাইন ও এসএমএসের মাধ্যমে আবেদন করতে পারবে শিক্ষার্থীরা।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি